# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৬৩৬

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১. প্রথম অনুচ্ছেদ - সালাম

بَابُ السَّلَامِ

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِذَا سَلَّمَ عَلَيْكُمُ الْيَهُودُ فَإِنَّمَا يَقُولُ أَحَدُهُمْ: السَّامُ عَلَيْك. فَقل: وَعَلَيْك

বাংলা

৪৬৩৬-[৯] ’আবদুল্লাহ ইবনু ’উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যখন ইয়াহূদীরা তোমাদেরকে সালাম দেয়, তখন তারা ’’আসসামু ’আলায়কা’’ (অর্থাৎ- শীঘ্রই তোমার মৃত্যু ঘটুক) বলে, তখন তোমরাও জবাবে বলবে ’’ওয়া ’আলায়কা’’ (অর্থাৎ- তোমারও মৃত্যু হোক)। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৬২৫৭, মুসলিম (২১৬৬)-১২, আহমাদ ৪৬৫৩, সিলসিলাতুস্ সহীহাহ্ ২২৪২, আল জামি‘উস্ সগীর ৬০৮, সহীহুল জামি‘ ৬০৬, সহীহ আল আদাবুল মুফরাদ ৮৪২।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ আহলে কিতাবের সালামের জবাবে কি বলা যায়, এ নিয়ে ‘আলিমদের মাঝে মতভেদ রয়েছে। এ নানা মতের কারণ হলো বিভিন্ন রকম রিওয়ায়াত। এসব রিওয়ায়াতের কোনটি অগ্রাধিকারযোগ্য?

ইবনু ‘আবদুল বার واو বিহীন বলেছেন। কেননা এটা অংশীদার করার ফায়েদা দেয়।

ইমাম খত্ত্বাবী (রহিমাহুল্লাহ) রচিত معالم السنن গ্রন্থে বলা হয়েছে, যে রিওয়ায়াতে عليكم রয়েছে অর্থাৎ واو নেই সেটা উত্তম যাতে واو আছে সেই রিওয়ায়াত থেকে। ইবনু ‘উয়াইনাহ্ বলেনঃ وعليكم বর্ণনাটি عليكم বর্ণনার চাইতে অধিক সঠিক। আর এভাবে তাদের কথাকে হুবহু তাদের নিকটে ফিরিয়ে দেয়া হয়। তখন এর অর্থ হবে

তোমরা যা বলেছ সেটাই তোমাদের ওপর ফিরিয়ে দিলাম।

আবার ইমাম খত্ত্বাবী (রহিমাহুল্লাহ) তাঁর গ্রন্থে সাধারণ ‘আলিমদের এমন বর্ণনা উল্লেখ করেন যাতে واوযোগে عليكمরয়েছে। তিনি এ ব্যাপারে বলেন, অবশ্য واوহরফটি حرف عطفযা দু’টি বস্তুকে একত্রিত করে। এরূপ বাক্যে واوটি পূর্বের বাক্যকে আরো সুদৃঢ়ভাবে সাব্যস্ত করে ও অন্য আরো কিছু যুক্ত হয়ে থাকে। যেমন তুমি যখন বলবে زيد كاتبযায়দ লেখক। তখন সম্বোধিত ব্যক্তি বলবে وشاعر وفقيه। এ ধরনের বাক্যের অর্থের চাহিদা হলো যায়দ তো লেখক আবার কবি ও ফকীহও বটে।

ইমাম নাবাবী (রহিমাহুল্লাহ) বলেনঃ عليكمএর সাথে واوযুক্ত করা বা না করা উভয়ই সঠিক ও জায়িয। واو যোগে وعليكمঅধিক উৎকৃষ্ট। এতে কোন সমস্যা নেই। অসংখ্য বর্ণনা এ ব্যাপারে অধিকাংশ ‘আলিম থেকে পাওয়া যায়। এর অর্থে দু’টি তাৎপর্য রয়েছে।

১. তারা বলে, عليكم الموت তোমাদের মৃত্যু হোক। এর উত্তরে বলবে وعليكم ايضا অর্থাৎ তোমরা ও আমরা সবাই সমান। আমরা সবাই মরব।

২. واوটি استئنافপুনরারম্ভ এর অর্থে ব্যবহার হবে। এটা عطفসংযুক্ত বা تشريكঅংশীদার করা এর অর্থে নয়। এটা মূলত এ রকম ছিল وعليكم ما تسحقون من الذم তোমরা যেই তিরস্কারের হকদার তা তোমাদের ওপর আপতিত হোক। (ফাতহুল বারী ১১শ খন্ড, হাঃ ৬২৫৭)

‘আওনুল মা‘বূদ গ্রন্থকার বলেনঃ এর অর্থ হলো أَنَّا لَسْنَا نَمُوت دُونكُمْ بَلْ نَحْنُ نَمُوت وَأَنْتُمْ أَيْضًا تَمُوتُونَআমরা তোমরা ব্যতীত মরব না বরং আমরাও মরব তোমরাও মরবে, এতে শরীক করার অর্থ স্পষ্ট। সুতরাং واوযুক্ত করাতে কোন অসিদ্ধতা নেই। যেমন পূর্বে বলা হয়েছে যে, অনেক ইমাম واوসহ বর্ণনা করেছেন। (‘আওনুল মা‘বূদ ৮ম খন্ড, হাঃ ৫১৯৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75360

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন